

ড্রামসিডার প্রবর্তন

ড্রামসিডার প্লাস্টিকের তৈরি একটি আধুনিক বপনযন্ত্র। এ যন্ত্রের সাহায্যে কাদামাটিতে অঙ্কুরিত বীজ সরাসরি বপন করা যায়। এটি ধান চাষের একটি বিকল্প ও উন্নত পদ্ধতি। এ পদ্ধতিতে সারিতে বীজ বোনা যায়। ব্রি ২০০৩ সালে বাংলাদেশে ড্রামসিডার প্রবর্তন করে।

ভিডিও - ড্রাম সীডার



সরাসরি বপনের প্রয়োজন কেন

- ▶ বাংলাদেশে আবাদি জমির পরিমাণ দ্রুত হ্রাস পাচ্ছে, যা বছরে প্রায় শতকরা এক ভাগ। এ অবস্থায় সীমিত জমিতে বাড়তি ফসলের জন্য হেক্টরপ্রতি ফলন বাড়াতে হবে।
- ▶ অকৃষিক্ষেত্রে শ্রম বিনিয়োগের সুযোগ বৃদ্ধির ফলে কৃষিকাজের জন্য শ্রমিকের ঘাটতি দেখা দিচ্ছে। এর ফলে শ্রমিকমজুরি বেড়ে যাওয়ায় সনাতন পদ্ধতির ধান চাষ ব্যয়বহুল ও অলাভজনক হয়ে পড়ছে। ড্রামসিডার যন্ত্রের সাহায্যে কাদামাটিতে সরাসরি অঙ্কুরিত বীজ বপন একটি শ্রম-সাশ্রয়ী প্রযুক্তি, যার মাধ্যমে ধান চাষাবাদকে লাভজনক করা যেতে পারে।
- ▶ অধিকন্তু এ পদ্ধতিতে প্রচলিত রোপণের তুলনায় ধানের জীবনকাল প্রায় ১০-২০ দিন কমে যায় এবং ফলন প্রায় ১০-২০% বেশি হয়।
- ▶ ড্রামসিডার দিয়ে বপন কৃষকের জন্য স্বাস্থ্যসম্মত একটি পদ্ধতি। কারণ এর ফলে কৃষককে কাদা-পানির মধ্যে কোমর বাঁকা করে অনেক সময় ধরে চারা রোপণ করতে হয় না।



ড্রামসিডার ব্যবহারের ফলাফল

কৃষকের মাঠে

আমন ২০০৪ মৌসুমে এবং বোরো ২০০৪ ও ২০০৫ মৌসুমে দেশের বিভিন্ন অঞ্চলে কৃষকের মাঠে ড্রামসিডার দিয়ে সরাসরি বোনা পদ্ধতিতে পরীক্ষা করে দেখা গেছে যে, ফলন গড়ে প্রায় ১৫% থেকে ২০% বেশি পাওয়া যায় এবং ধান ১০ থেকে ১২ দিন আগে কাটা যায়। ড্রামসিডার পদ্ধতিতে আবাদ করলে রোপণের তুলনায় আমন মৌসুমে হেক্টরপ্রতি প্রায় ৬,০০০ টাকা এবং বোরো মৌসুমে প্রায় ৮,০০০ টাকা অধিক মুনাফা অর্জন করা সম্ভব।

গবেষণা মাঠে

জাত	ফলন (টন/হেক্টর)		%	জীবনকাল (দিন)		জীবনকাল হ্রাস (দিন)
	বপন	রোপণ		ফলন বৃদ্ধি	বপন	
আমন						
ব্রি ধান৩০	৫.৩৫	৩.৭৬	৪২	১৩২	১৪৮	১৬
ব্রি ধান৩১	৩.৭০	৩.২৫	১৩	১১৮	১৩৭	১৯
ব্রি ধান৪১	৫.৫০	৪.৪০	২৫	১২৯	১৩৯	১০
বোরো						
ব্রি ধান২৮	৬.০০	৫.০২	২০	১৩০	১৪১	১১
ব্রি ধান২৯	৭.১৪	৬.০৩	১৮	১৫২	১৬২	১০
ব্রি ধান৩৬	৬.৫১	৫.৪৬	১৯	১২৮	১৪১	১৩

ড্রামসিডার এখন বাংলাদেশেই তৈরি হচ্ছে

আরো তথ্যের জন্য :

ড. মোঃ মোশাররফ হোসেন, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রধান, ফলিত গবেষণা বিভাগ,
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর ১৭০১, ই-মেইল : ardbrii@dhaka.net

অধিবেশন ১ : মডিউল ৬
ফ্যান্ট শিট ১

আমন ধান উৎপাদন প্রশিক্ষণ মডিউল